Final APA

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ
এবং
সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৮- জুন ৩০, ২০১৯

# সূচিপত্র

উপক্রমণিকা

কর্মসম্পাদনের সার্বিক চিত্র

সেকশন ১ : রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলি

সেকশন ২ : বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব (Outcome/Impact)

সেকশন ৩ : কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১ : শব্দসংক্ষেপ

সংযোজনী ২ : কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি

# জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview ot the Performance of National Curriculum and Textbook Board)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

## সাম্প্রতিক বছরসমূহের ( ৩ বছর) প্রধান অর্জনসমূহ

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড জাতীয় শিক্ষানীতির আলোকে দেশের প্রাক-প্রাথমিক, প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষাক্রম প্রণয়ন, পরিমার্জন করে এবং শিক্ষাক্রম অনুযায়ী পাঠ্যপুস্তক প্রণয়ন, পরিমার্জন, মুদ্রণ ও বিতরণ কার্যক্রম সম্পন্ন করেছে। ২০১৬ থেকে ২০১৮ সাল পর্যন্ত প্রাক-প্রাথমিক, প্রাথমিক, ইবতেদায়ী, দাখিল, এসএসসি ভোকেশনাল ও মাধ্যমিক স্তরের সর্বমোট ১০৫,০২,৩৫,১৬৭ কপি পাঠ্যপুস্তক ও শিখন-শেখানো সামগ্রী মুদ্রণ করে বিনামূল্যে সারা দেশে শিক্ষার্থীদের মধ্যে বিতরণ করা হয়েছে। একাদশ-দ্বাদশ শ্রেণির বাংলা সংকলন, বাংলা সহপাঠ, English For Today পাঠ্যপুস্তক মুদ্রণ ও বাজারজাতকরণ সম্পন্ন করা হয়েছে এবং English For Today ও বাংলা দ্বিতীয় পত্রের প্রশ্ন প্রণয়ন নির্দেশিকা ও নমুনা প্রশ্নপত্র তৈরি করে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। একাদশ-দ্বাদশ শ্রেণির বাংলা ২য় পত্রের প্রশ্ন প্রণয়ন নির্দেশিকা ও নমুনা প্রশ্ন তৈরি করে এনসিটিবি'র ওয়েবসাইটে আপলোড করা হয়। ৬ষ্ঠ থেকে ৯ম-১০ম শ্রেণির English For Today বিষয়ের Listening Text এর অডিও তৈরি করে এনসিটিবি'র ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। ইউনিসেফ ও সেসিপ-এর সহায়তায় ২,০০০জন মাস্টার ট্রেইনারসহ ৮৬,৪৭০জন শিক্ষককে জীবনদক্ষতা ভিত্তিক শিক্ষার (Life Skill Based Education) প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সমন্বিত দুর্যোগ ব্যবস্থাপনা প্রকল্পের সহায়তায় শিশুতোষ প্রবন্ধ, উপন্যাস ও ছড়ার ১২টি Supplementary Reading Material প্রণয়ন এবং মাঠ পর্যায়ে বিতরণ করা হয়। একাদশ-দ্বাদশ শ্রেণির ২৪টি বিষয়ের শিক্ষাক্রম বিস্তরণের জন্য ১,৯০০ জন মাস্টার ট্রেইনারের ৬ দিনব্যাপী প্রশিক্ষণ সম্পন্ন করা হয়। মাধ্যমিক পর্যায়ের বিজ্ঞান বিষয়ের শিক্ষকদের হাতে-কলমে প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত ৮৪১ জন মাস্টার ট্রেইনারসহ ৫২,০০০ জন শিক্ষককে পাইলট প্রোগ্রামের আওতায় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। পরিমার্জিত শিক্ষাক্রমের আলোকে একাদশ শ্রেণির ৩৩টি বিষয়ের ১৩৬টি এবং দ্বাদশ শ্রেণির ১৫৫টি পাণ্ডুলিপি মূল্যায়ন শেষে চূড়ান্ত অনুমোদন প্রদান করা হয়েছে । ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণির বাংলাদেশ ও বিশ্বপরিচয় বিষয়ের ৩টি পাঠ্যপুস্তক শিক্ষাক্রমের আলোকে পরিমার্জন করা হয়েছে। ষষ্ঠ থেকে ৯ম-১০ম শ্রেণির ইংরেজি বিষয়ের ৪টি গ্রামার পাঠ্যপুস্তক নতুন করে প্রণয়ন করা হয়েছে। ৬ষ্ঠ থেকে ৯ম-১০ম শ্রেণির ৭৫টি পাঠ্যপুস্তকের শিক্ষক শিক্ষাক্রম নির্দেশিকা ৪৬,৬৬,৬৬৪ কপি সরবরাহ করা হয়েছে। ২০১৭ সালে প্রথম দৃষ্টি প্রতিবন্ধিদের জন্য ৯,৭০৩ কপি ব্রেইল পাঠ্যপুস্তক সরবরাহ করা হয়েছে এবং প্রাক-প্রাথমিক ও প্রাথমিক স্তরে ৫টি ক্ষুদ্র নৃগোষ্ঠির জন্য (চাকমা, মারমা, গারো, সাদ্রি ও ত্রিপুরা) সর্বমোট ২,২৬,৫৫৮ কপি পাঠ্যপুস্তক সরবরাহ করা হয়েছে। মাধ্যমিক স্তরের শিক্ষক শিক্ষাক্রম নির্দেশিকা (টিসিজি) বিস্তরণ প্রশিক্ষণের জন্য ৫টি বিষয়ে ম্যানুয়েল প্রণয়ন করা হয়েছে । শিক্ষক শিক্ষাক্রম নির্দেশিকা (টিসিজি) বিস্তরণ সংক্রান্ত ১৪৫জন কোর-ট্রেইনার ও ৪৩১৬জন মাস্টার ট্রেইনারকে প্রশিক্ষণ প্রদান করা হয়। সেসিপ এর সহায়তায় এনসিটিবি'র উদ্যোগে প্রণীত জাতীয় শিক্ষক্রম নীতি কাঠামো শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদন করা হয়েছে। জাতীয় শিক্ষাক্রম-২০১২ অনুসারে গার্হস্থ্য বিজ্ঞান শাখার ৪টি বিষয়ের ৮টি পাঠ্যপুস্তক নতুনভাবে প্রণয়ন করে এনসিসিসি কর্তৃক অনুমোদনের পর মুদ্রণ ও বাজারজাত করা হয়েছে। প্রাথমিক পর্যায়ের ৩৩টি শিক্ষক সংস্করণ ও ২৫টি শিক্ষক সহায়িকা তৈরি করে মোট ১,০২,০০০ সেট বিতরণ করা হয়েছে। প্রাথমিক স্তরের জন্য শ্রেণিভিত্তিক ও বিদ্যালয়ভিত্তিক মূল্যায়ন পদ্ধতি ও টুলস প্রণয়ন করা হয়েছে। এ বিষয়ে প্রশিক্ষণ ম্যানুয়েল তৈরি ও ১১০ জন মাস্টার ট্রেইনারকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

# উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প-২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে -

চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

এবং

সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৮ সালের জুন মাসের ...১৮... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন :

**সমস্যা ও চ্যালেঞ্জসমূহ :**

- শিক্ষাক্রম এবং পাঠ্যপুস্তকসমূহের মান উন্নয়নের জন্য মাঠ পর্যায় থেকে তথ্য সংগ্রহ এবং তার ভিত্তিতে প্রয়োজনীয় সংশোধন ও পরিমার্জন করা।
- এনসিটিবি'র চ্যালেঞ্জ হচ্ছে ডিসেম্বর ২০১৯ এর মধ্যে নির্ধারিত সংখ্যক পাঠ্যপুস্তক মুদ্রণ করে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে পৌঁছানো।
- সারাদেশের প্রাথমিক ও মাধ্যমিক স্তরের বিপুল সংখ্যক শিক্ষককে প্রশিক্ষণের আওতায় আনয়ন।

**ভবিষ্যৎ পরিকল্পনা :**

প্রাথমিক ও মাধ্যমিক স্তরের শিক্ষাক্রম ২০১২ এর পরিমার্জনপূর্বক শিক্ষাক্রম প্রণয়ন। পরিমার্জিত শিক্ষাক্রম অনুযায়ী প্রাক-প্রাথমিক, প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শ্রেণি পর্যন্ত সকল পাঠ্যপুস্তক পরিমার্জন ও ইন্টারএক্টিভ ডিজিটাল টেক্সটবুক প্রণয়নসহ পাঠ্যপুস্তকের ই-লার্নিং ম্যাটেরিয়ালস তৈরি করে  ওয়েবসাইটে আপলোড করা। শিক্ষাক্রম বাস্তবায়নের জন্য প্রাথমিক ও মাধ্যমিক স্তরের অংশিজনকে প্রশিক্ষণ প্রদান।

**২০১৮-১৯ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- প্রাথমিক ও মাধ্যমিক স্তরের শিক্ষাক্রম পরিমার্জন ও উন্নয়নের জন্য কার্যকারিতা যাচাই ও চাহিদা নিরূপণ
- প্রাক-প্রাথমিক, প্রাথমিক, মাধ্যমিক, ইবতেদায়ী, দাখিল ভোকেশনাল ও এসএসসি ভোকেশনাল স্তরের শিক্ষার্থীদের জন্য পাঠ্যপুস্তক মুদ্রণ ও বিতরণ
- মাধ্যমিক স্তরের ৭ম ও ৮ম শ্রেণির ই-লার্নিং ম্যাটেরিয়াল উন্নয়ন
- মাধ্যমিক স্তরের স্কুল ও মাদ্রাসার প্রধান শিক্ষক ও শ্রেণি শিক্ষকদের ই-লার্নিং মডিউল প্রশিক্ষণ প্রদান

# সেকশন ১

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ, প্রধান কার্যাবলি

## ১.১ রূপকল্প :

মানসম্মত শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক

## ১.২ অভিলক্ষ্য :

সৃজনশীল, দক্ষ, দেশপ্রেমে উদ্বুদ্ধ ও নৈতিক মূল্যবোধসম্পন্ন নাগরিক হিসেবে শিক্ষার্থী গঠনের লক্ষ্যে মানসম্মত শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক প্রণয়ন, উৎপাদন ও বিতরণ

## ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ :

### ১.৩.১ : এনসিটিবি'র কৌশলগত উদ্দেশ্যসমূহ

- প্রাথমিক ও মাধ্যমিক স্তরের শিক্ষাক্রম পরিমার্জন ও উন্নয়ন
- প্রাক-প্রাথমিক, প্রাথমিক, মাধ্যমিক, ইবতেদায়ী, দাখিল ভোকেশনাল ও এসএসসি ভোকেশনাল স্তরের শিক্ষার্থীদের জন্য পাঠ্যপুস্তক মুদ্রণ ও বিতরণ ব্যবস্থার দক্ষতা বৃদ্ধি
- মাধ্যমিক স্তরের ৭ম ও ৮ম শ্রেণির ই-লার্নিং ম্যাটেরিয়াল উন্নয়ন
- মাধ্যমিক স্তরের স্কুল ও মাদ্রাসার প্রধান শিক্ষক ও শ্রেণি শিক্ষকদের ই-লার্নিং মডিউল প্রশিক্ষণ প্রদান

### ১.৩.২: এনসিটিবি'র বাধ্যতামূলক কৌশলগত উদ্দেশ্যসমূহ

- কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন
- দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন
- প্রশাসনিক সংস্কার ও নৈতিকতার উন্নয়ন
- আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন
- জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন

## ১.৪ কার্যাবলিঃ

* প্রাথমিক ও মাধ্যমিক স্তরের শিক্ষাক্রম নিরীক্ষণ এবং সংস্কারের কার্যক্রম বাস্তবায়ন করা
* প্রাক-প্রাথমিক থেকে নবম-দশম শ্রেণি পর্যন্ত সকল শিক্ষার্থীর মধ্যে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ
* প্রাক-প্রাথমিক, প্রাথমিক ও মাধ্যমিক স্তরের পাঠ্যপুস্তকের কার্যকারিতা যাচাই এবং মূল্যায়ন করা
* পাঠ্যপুস্তকের পাণ্ডুলিপি তৈরির জন্য প্রস্তুতি সম্পন্ন করা
* পাঠ্যপুস্তকের উৎপাদন, বিতরণ এবং বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করা
* পাঠ্যপুস্তক, পুরস্কারের জন্য বই, লাইব্রেরির জন্য বই এবং রেফারেন্স বই অনুমোদন করা
* সরকার কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত অন্যান্য কার্যাবলি সম্পাদন।

## সেকশন ২

## দপ্তর /সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/ Impact) | কর্মসম্পাদনের সূচকসমূহ (Performance Indicators) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০১৮-১৯ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থা সমূহের নাম | উপাত্ত সূত্র (Sources of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | | ২০১৯-২০ | ২০২০-২১ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| মানসম্মত শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক | পাঠ্যপুস্তক মুদ্রণ ও বিতরণ | সংখ্যা (কোটিতে) | ৩৬.২১ | ৩৫.৪২ | ৩৬.০০ | ৩৬.৪৭ | ৩৬.৪৭ | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ | মাউশিঅ ও ডিপিই |

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্ম সম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Perfomance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০১৮-১৯ Target/ Criteria Value for FY 2018-19) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| **দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তকের মান উন্নয়ন | ৭৫.০০ | ১ জানুয়ারিতে সকল শিক্ষার্থীর নিকট পাঠ্যপুস্তক পৌঁছানো নিশ্চিত করা | পাঠ্যপুস্তক মুদ্রণ ও বিতরণ | সংখ্যা (কোটিতে) | ৫০.০০ | ৩৬.২১ | ৩৫.৪২ | ৩৬.০০ | ৩৫.৯০ | ৩৫.৮০ | ৩৫.৭০ | ৩৫.৬০ | ৩৬.৪৭ | ৩৬.৪৭ |
| | | প্রাথমিক ও মাধ্যমিক স্তরের শিক্ষাক্রম পরিমার্জন ও উন্নয়ন | প্রাথমিক শিক্ষাক্রম ২০১২ এর কার্যকারিতা বিষয়ক সমীক্ষা | সংখ্যা | ৫.০০ | - | - | ০১ | - | - | - | - | - | - |
| | | | প্রাথমিক শিক্ষাক্রম ২০১২ পরিমার্জনের জন্য চাহিদা নিরূপন সমীক্ষা | সংখ্যা | ৫.০০ | - | - | ০১ | | | | | | |
| | | | মাধ্যমিক শিক্ষাক্রম ২০১২ এর পর্যালোচনা ও চাহিদা নিরূপন সমীক্ষা | সংখ্যা | ৫.০০ | - | - | ০১ | | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্ম সম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ Target/ Criteria Value for FY 2018-19) অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| মাধ্যমিক স্তরের স্কুল ও মাদ্রাসার ই-লার্নিং ম্যাটেরিয়াল উন্নয়ন ও শিক্ষক প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা উন্নয়ন | | সাধারণ শিক্ষা ধারার মাধ্যমিক স্তরে ই-লার্নিং ম্যাটেরিয়াল উন্নয়ন | মাধ্যমিক স্তরের ৭ম ও ৮ম শ্রেণির ই-লার্নিং ম্যাটেরিয়াল উন্নয়ন | সংখ্যা | ৫.০০ | - | - | ১২ | ১১.০০ | ১০.০০ | ৮.০০ | ৭.০০ | - | - |
| | | মাধ্যমিক স্তরে শিক্ষার মানউন্নয়ন | এসডিজি অর্জনের জন্য মাধ্যমিক স্তরে সমন্বিত দক্ষতা কাঠামো নির্ধারণ | সংখ্যা | ২.০০ | | | ০১ | | | | | | |
| | | মাধ্যমিক স্তরের স্কুল ও মাদ্রাসার শিক্ষক প্রশিক্ষণ | প্রধান শিক্ষক ও শ্রেণি শিক্ষকদের ই-লার্নিং মডিউল বিষয়ক প্রশিক্ষণ | সংখ্যা | ৩.০০ | - | - | ৬৪০০ | ৫৭৬০ | ৫১২০ | ৪৪৮০ | ৩৮৪০ | - | - |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর ও ওয়েবসাইটে আপলোড | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ০.৫ | | | ২০ জুন, ২০১৮ | ২১ জুন, ২০১৮ | ২৪ জুন, ২০১৮ | | | | |
| | | ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ০.৫ | | | ১৭ জানুয়ারি, ২০১৯ | ২০ জানুয়ারি, ২০১৯ | ২১ জানুয়ারি, ২০১৯ | ২২ জানুয়ারি, ২০১৯ | ২৩ জানুয়ারি, ২০১৯ | | |
| | | ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন | ফলাবর্তক (feedback) প্রদত্ত | তারিখ | ১ | | | ২৪ জানুয়ারি, ২০১৯ | ৩১ জানুয়ারি, ২০১৯ | ০৪ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | | |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্ম সম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | Target/ Criteria Value for FY 2018-19) লক্ষ্যমাত্রা /নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| | | পর্যালোচনান্তে ফলাবর্তক (feedback) মন্ত্রণালয়/বিভাগে দাখিল | | | | | | | | | | | | |
| | | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/ কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘন্টা * | ১ | | | ৬০ | | | | | | |
| কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ১০ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ১ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ | | |
| | | | ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত * * | % | ১ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |
| | | | ই-ফাইলে পত্র জারীকৃত * * * | % | ১ | | | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ | | |
| | | অনলাইন সেবা চালু করা | ন্যূনতম একটি নতুন ই-সার্ভিস চালুকৃত | তারিখ | ১ | | | ১০ জানুয়ারি, ২০১৯ | ২৪ জানুয়ারি, ২০১৯ | ২৮ জানুয়ারি, ২০১৯ | ৩১ মার্চ, ২০১৯ | ৩০ এপ্রিল, ২০১৯ | | |
| | | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) সমূহের হালনাগাদকৃত ডাটাবেইজ ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | | | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ | | |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্ম সম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা /নির্ণায়ক ২০১৮-১৯ Target/ Criteria Value for FY 2018-19 অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| | | | ডাটাবেজ অনুযায়ী ন্যূনতম দুটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১ | | | ০৮ এপ্রিল, ২০১৯ | ২২ এপ্রিল, ২০১৯ | ০২ মে, ২০১৯ | ১৬ মে, ২০১৯ | ৩০ মে, ২০১৯ | | |
| | | সিটিজেনস চার্টার বাস্তবায়ন | হালনাগাদকৃত সিটিজেনস চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | | | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ | | |
| | | | সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ০.৫ | | | ৩১ ডিসেম্বর, ২০১৮ | ১৫ জানুয়ারি, ২০১৯ | ০৭ ফেব্রুয়ারি , ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ | | |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিস্পত্তিকৃত | % | ০.৫ | | | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৫০ | | |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারি করা | পিআরএল আদেশ জারিকৃত | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | | ছুটি নগদায়নপত্র জারিকৃত | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৯ | অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ত্রিপক্ষীয় সভার অডিট আপত্তি নিস্পত্তির জন্য সুপারিশকৃত | % | ১ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | | অডিট আপত্তি নিস্পত্তিকৃত | % | ১ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |
| | | স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | | | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ | | |
| | | | অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | | | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ | | |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্ম সম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | Target/ লক্ষ্যমাত্রা Criteria /নির্ণায়ক Value for ২০১৮-১৯ FY 2018 -19) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| | | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | ২ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | অব্যবহৃত/অকেজো যানবাহন বিদ্যমান নীতিমালা অনুযায়ী নিস্পত্তিকরণ | নিস্পত্তিকরণ | তারিখ | ১ | | | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ | | |
| | | বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা | বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ১ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | নিয়োগ প্রদানকৃত | সংখ্যা | ১ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ৪০ | | |
| জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন | ৩ | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন **** | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | | | | | |
| | | | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোর অন্তর্ভুক্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়িত | % | ০.৫ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | সকল অনলাইন সেবা তথ্য বাতায়নে সংযোজিত | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | দপ্তর/সংস্থার ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | | | ১৮ অক্টোবর, ২০১৮ | ৩১ অক্টোবর, ২০১৮ | ১৫ নভেম্বর, ২০১৮ | ২৯ নভেম্বর, ২০১৮ | ০৬ ডিসেম্বর, ২০১৮ | | |

আমি, চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষা মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় এর প্রতিনিধি তথা সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় এর প্রতিনিধি হিসেবে চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবো।

**স্বাক্ষরিত :**

চেয়ারম্যান
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

-----------------------------------
তারিখ

সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

-----------------------------------
তারিখ